অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/16/2024 **গভর্নর ক্যাথি হোকল**

জাতীয় ভোটার নিবন্ধন দিবসকে সামনে রেখে গভর্নর হোকল যোগ্য ভোটারদের নিবন্ধন করতে উৎসাহিত করলেন এবং নিউ ইয়র্কবাসীকে স্মরণ করিয়ে দিলেন যে স্টেট এবং কাউন্টির নির্বাচন কর্মকর্তাগণ নির্বাচন সম্পর্কে তথ্যের জন্য বিশ্বস্ত উৎস

5 নভেম্বরের সাধারণ নির্বাচনে ভোট প্রদান করার জন্য নিবন্ধনের জন্য যোগ্য নিউ ইয়র্কের ভোটারদের কাছে 26 অক্টোবর পর্যন্ত সময় আছে

নভেম্বরের সাধারণ নির্বাচন আসন্ন, তাই ভোটারদের উচিত তারা যাতে ভোটদান এবং নির্বাচন সম্পর্কে নির্ভুল তথ্য পেতে পারে তা নিশ্চিত করা

নিউ ইয়র্কবাসীদের উচিত নির্ভুল এবং বিশ্বাসযোগ্য নির্বাচন সম্পর্কিত তথ্যের জন্য নিউ ইয়র্ক স্টেটের নির্বাচন বোর্ড বা তাদের কাউন্টির নির্বাচন বোর্ডের সাথে যোগাযোগ করা

স্টেটের এবং সারা দেশের মানুষ ও সংগঠনসমূহ 17 সেপ্টেম্বর জাতীয় ভোটার নিবন্ধন দিবস (National Voter Registration Day) উদযাপনের অংশ হিসেবে নিজেদের সম্প্রদায়ের সদস্যদের ভোট দানের জন্য নিবন্ধন করাতে সাহায্য করার প্রস্তুতি নিচ্ছে, এই সময় গভর্নর হোকল আজকে সকল যোগ্য নিউ ইয়র্কবাসীকে ভোটদানের জন্য নিবন্ধন করতে উৎসাহিত করেছেন যাতে তারা আমাদের গণতন্ত্রে নিজেদের মত দিতে পারে। এছাড়াও গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীকে স্মরণ করিয়ে দিয়েছেন যে স্টেট এবং কাউন্টির নির্বাচন কর্মকর্তাবৃন্দ নিউ ইয়র্ক স্টেটে নির্বাচনের তথ্যের জন্য বিশ্বস্ত উৎস। নিউ ইয়র্কবাসীরা যখন নভেম্বরের সাধারণ নির্বাচনে নিজেদের ব্যালট প্রদান করার প্রস্তুতি নিচ্ছে তখন এই কথাটি স্মরণ করিয়ে দেওয়া হলো।

"জাতীয় ভোটার নিবন্ধন দিবস হলো আমাদের গণতন্ত্রে মানুষকে জড়িত করার একটি গুরুত্বপূর্ণ সুযোগ," **গভর্নর হোকল বলেন।** "আমাদের গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলি ঠিক ততটাই বলীয়ান যতটা সেখানে অংশগ্রহণকারী ভোটারগণ বলীয়ান, এবং নিজেদের মত প্রকাশের জন্য প্রত্যেক যোগ্য নিউ ইয়র্কবাসীকে আমি উৎসাহিত করছি।"

যোগ্য নিউ ইয়র্কবাসীরা অনলাইনে, সশরীরে, বা মেইলের মাধ্যমে ভোটদানের জন্য নিবন্ধন করতে পারবে। ভোটার নিবন্ধনের যোগ্যতার আবশ্যিকতা সম্পর্কে তথ্য, এবং একই সাথে অনলাইনে ভোটার নিবন্ধন পোর্টালের লিঙ্ক এবং ডাউনলোডযোগ্য নিবন্ধন ফর্ম স্টেটের নির্বাচন বোর্ডের (State Board of Elections) ওয়েবসাইটে পাওয়া যাবে।

5 নভেম্বরের সাধারণ নির্বাচনে ভোটদানের জন্য যোগ্য হতে, যোগ্য নিউ ইয়র্কবাসীকে অবশ্যই 26 অক্টোবরের মধ্যে ভোটদানের জন্য নিবন্ধন করতে হবে। স্টেটের নির্বাচন বোর্ড থেকে গুরুত্বপূর্ণ নির্বাচন ও ভোটদানের সময়সীমা সম্পর্কিত আরো বিস্তারিত এখানে উপলভ্য আছে।

তারা ইতিমধ্যেই ভোটদানের জন্য নিবন্ধিত কিনা সে ব্যাপারে অনিশ্চিত ভোটারগণ নিজেদের নিবন্ধনের দশা দেখতে পারবে এখানে https://voterlookup.elections.ny.gov/।

পুরো স্টেটের দ্বিপক্ষীয় কাউন্টি নির্বাচন বোর্ড দ্বারা নিউ ইয়র্ক স্টেটের নির্বাচন পরিচালিত হয় এবং দ্বিপক্ষীয় নিউ ইয়র্ক স্টেটের নির্বাচন বোর্ড কর্তৃক তা সমর্থিত হয়। স্টেটের নির্বাচন বোর্ড এবং পুরো স্টেটে কাউন্টির নির্বাচন কমিশনারগণ হলেন নিউ ইয়র্ক স্টেটে নির্বাচন এবং ভোটদান সম্পর্কিত প্রকৃত তথ্যের জন্য সেরা উৎস।

নিউ ইয়র্কের নির্বাচন ক্যালেন্ডার, ভোটদানের নিবন্ধন করার শেষ সময় এবং অনুপস্থিত থেকে বা দ্রুত মেইলের মাধ্যমে ভোটদানের ব্যালটের অনুরোধ করা বা তা ফেরত প্রদান করা, নির্বাচনের নিরাপত্তা এবং অখণ্ডতা নিশ্চিত করার ব্যবস্থা ইত্যাদি সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য পাওয়ার জন্য নিউ ইয়র্কবাসীরা অনলাইনে https://elections.ny.gov/ নিউ ইয়র্ক স্টেটের নির্বাচন বোর্ড ভিজিট করতে পারে।

এছাড়াও সময়মতো সর্বশেষ তথ্য এবং এই নভেম্বর ও সারা বছরের নির্বাচন সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য পেতে নিউ ইয়র্কবাসীরা নিউ ইয়র্ক স্টেটের নির্বাচন বোর্ডকে X এ @NYSBOE এ, ফেসবুক, ইনস্টাগ্রাম এবং ইউটিউবে ফলো করতে পারবে।

পুরো নিউ ইয়র্ক স্টেটের কাউন্টি নির্বাচন বোর্ডসমূহের যোগাযোগের তথ্য পাওয়া যাবে এখানে।

এই শরতের নির্বাচন দিবস অনুষ্ঠিত হবে 5 নভেম্বর তারিখে। 26 অক্টোবর থেকে 3 নভেম্বর পর্যন্ত দ্রুত ভোট গ্রহণ করা হবে। নিজেদের দ্রুত ভোটদানের এবং নির্বাচন দিবসের ভোট গ্রহণের স্থান সম্পর্কে জানতে ভোটারগণ https://voterlookup.elections.ny.gov/ ভিজিট করতে পারবে।

যদি কোনো ভোটারের একটি অনুপস্থিত বা মেইলের মাধ্যমে দ্রুত ভোটদানের ব্যালট প্রয়োজন হয়, তাহলে তারা তাদের কাউন্টির নির্বাচন বোর্ডে (County Board of Election) অনলাইনে, মেইলের মাধ্যমে, বা সশরীরে উপস্থিত হয়ে আবেদন করতে পারবে। 26 অক্টোবরের মধ্যে এমন ব্যালটের জন্য অনুরোধ করা যাবে এবং তা সাথে প্রদত্ত পোস্টেজের মূল্য পরিশোধিত ফেরত দেওয়ার খামে বা সশরীরে কোনো দ্রুত ভোটদান বা নির্বাচন দিবসের ভোটের সাইটে ফেরত দেওয়া যাবে। অনুপস্থিত ভোট বা দ্রুত মেইলের মাধ্যমে ভোটের ব্যালটকে অবশ্যই নির্বাচন দিবসের মধ্যে নির্বাচন বোর্ডের কাছে ফেরত দিতে হবে। যদি একটি অনুপস্থিত ভোট বা দ্রুত মেইলের মাধ্যমে ভোটের ব্যালট নির্বাচন দিবসের জন্য পোস্টমার্ক করা হয়, তাহলে ব্যালটকে অবশ্যই নির্বাচন দিবসের 7 দিনের মধ্যে নির্বাচন বোর্ডের কাছে পৌঁছাতে হবে। আরো জানার জন্য বা অনুপস্থিত বা দ্রুত মেইলের মাধ্যমে ভোটদানের ব্যালটের জন্য আবেদন করতে, স্টেটের নির্বাচন বোর্ডের ওয়েবসাইট ভিজিট করুন এখানে।

এছাড়াও নিউ ইয়র্ক স্টেটের নির্বাচন বোর্ড নিশ্চিত করতে সাহায্য করে যাতে ভোটদানের জন্য নিবন্ধন করা এবং ব্যালট প্রদান করা অক্ষমতাসহ যোগ্য ভোটারদের জন্য অ্যাক্সেসিবল হয়। ভোটার নিবন্ধন প্রক্রিয়া সম্পূর্ণ করার জন্য ভোটারদের কাছে একাধিক পদ্ধতি রয়েছে, এবং অ্যাক্সেসিবল বৈশিষ্ট্যসহ ব্যালট প্রয়োজন এমন প্রিন্ট অক্ষমতাসহ ভোটারগণ স্টেটের নির্বাচন বোর্ডের অনলাইন অ্যাক্সেসিবল ব্যালট আবেদন (Accessible Ballot Application) পোর্টাল ব্যবহার করে একটি অ্যাক্সেসিবল ব্যালটের জন্য আবেদন করতে পারবে। স্টেটের নির্বাচন বোর্ড থেকে অ্যাক্সেসিবল ভোটদান সম্পর্কে আরো তথ্য উপলভ্য আছে এখানে।

ভোট কর্মী হয়ে নিউ ইয়র্কবাসীরা আমাদের নির্বাচনে আরো জড়িত হতে পারবে। ভোট কর্মী হওয়া সম্পর্কে তথ্য উপলভ্য আছে এখানে।

কারো যদি কোনো প্রশ্ন থাকে বা কেউ যদি ভুল নির্বাচন সম্পর্কিত তথ্য বিতরণ হতে দেখে তাহলে তাদের উচিত info@elections.ny.gov এ বা (518) 474-1953 নম্বরে নিউ ইয়র্ক স্টেটের নির্বাচন বোর্ডের সাথে যোগাযোগ করা।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন